গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
উন্নয়ন-৩ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর-২৭.০৭৩.০১৪.০৬.০০.০১১(১).২০১৩. ২৬৮ তারিখ : ০৪/০৮/২০১৯

বিষয় : **বিদ্যুৎ-গ্রাহক কর্তৃক খোলা-বাজার হতে প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয়-সংক্রান্ত নীতিমালা অনুমোদন।**

বাংলাদেশের ক্রমবর্ধমান অর্থনীতির চাহিদার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি গ্রাহক-সেবার মানোন্নয়নে বিভিন্ন কাঠামোগত সংস্কার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত সংস্কার কর্মসূচির অংশ হিসেবে ২০২১ সালের মধ্যে দেশব্যাপি ০২ কোটি প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ বর্তমানে বিভিন্ন প্রকল্পের আওতায় প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার সংগ্রহপূর্বক গ্রাহক পর্যায়ে সরবরাহ করছে। বিদ্যমান ব্যবস্থায় গ্রাহকগণ খোলা-বাজার হতে প্রচলিত ডিজিটাল-মিটার ক্রয় করতে পারলেও কোন নীতিমালা না থাকায় প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয় করতে পারে না। এ পরিপ্রেক্ষিতে গ্রাহকগণ যাতে খোলা-বাজার হতে প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয় করতে পারে তা নিশ্চিত করার লক্ষ্যে প্রণয়নকৃত "বিদ্যুৎ-গ্রাহক কর্তৃক খোলা-বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়-সংক্রান্ত নীতিমালা"টি অনুসরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : নীতিমালার ?২....... ফর্দ।

০৪/০৮/১৯
(মাহফুজা আখতার)
উপসচিব
ফোন: ৯৫৪০২৪৮
ই-মেইল: dev-3@pd.gov.bd

বিতরণ : সদয় কার্যার্থেঃ-

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিপিসি লি:/ডেসকো লি:/ওজোপাডিকো লি:/নেসকো লি:।

**অনুলিপি : সদয় জ্ঞাতার্থেঃ-**

০১। মাননীয় প্রতিমন্ত্রী'র একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/পরিকল্পনা/সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
০৪। যুগ্মসচিব (উন্নয়ন-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
০৫। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (নীতিমালাটি বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

# বিদ্যুৎ গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় সংক্রান্ত নীতিমালা

তারিখ: মে, ২০১৯ইং

বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

## সূচীপত্র

১। ভূমিকা ..................................................................................................১
২। নীতিমালার উদ্দেশ্য: .....................................................................................২
৩। নীতিমালা প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ: ........................................................................২
৪.০। প্রি-পেইড/স্মার্ট মিটার সংক্রান্ত কারিগরী বিষয়াদি: ......................................................... ৩
৪.১। মিটারের স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন: ................................................................ ৩
৪.২। মিটার টেস্ট ও মিটারের বিভিন্ন Functionality টেষ্ট এবং ইন্টারফেসিংকরণ: .................................৪
৪.৩। গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে যে সকল প্রস্তুতকারকের প্রি-পেইড মিটার ক্রয়/সংগ্রহ করতে পারবে তার তালিকা প্রণয়ন: ................................................................................................৪
৪.৪। প্রি-পেইড মিটার ক্রয়, ভেন্ডিং ও স্থাপন: .........................................................................৫
৪.৫। প্রি-পেইড মিটার ভেন্ডিং (চার্জিং/রিচার্জিং), অভিযোগ নিস্পত্তিসহ সার্বিক বিক্রয়োত্তর সেবা প্রদান: ..........৫
৪.৬। খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড মিটার সংগ্রহের জন্য এলাকা নির্ধারণ এবং পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় এ সুবিধা উন্মুক্তকরণ: ......................................................................৬
৪.৭। প্রয়োজনীয় জনবল তৈরী/প্রশিক্ষণের ব্যবস্থা: ...............................................................৬
৪.৮। জনগণকে এ সকল বিষয়ে অবহিত/সচেতন করার লক্ষ্যে প্রচার/প্রচারণা: ......................................... ৭
৫.০। বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী এবং প্রি-পেইড/স্মার্ট মিটার প্রস্তুতকারক প্রতিষ্ঠানের করণীয়: ................ ৭
৫.১। প্রি-পেইড/স্মার্ট মিটার প্রস্তুতকারক/ সরবরাহকারী প্রতিষ্ঠানের করণীয়: ........................................ ৭
৫.২। বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীসমূহের করণীয়: ................................................................ ৮
৫.৩। বিদ্যুৎ গ্রাহকের করণীয়: ................................................................................৯
৫.৪। কেন্দ্রীয়ভাবে সরকার/বিদ্যুৎ বিভাগের করণীয়: ...............................................................১০
৬.০। ব্যাখ্যার অধিকার: ......................................................................................১০

# বিদ্যুৎ গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় সংক্রান্ত নীতিমালা

## ১। ভূমিকা

১.১। সরকার ২০২০ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এজন্য সরকার বিদ্যুৎখাতকে অগ্রাধিকার প্রদানপূর্বক এখাতের উন্নয়নে নানামুখী কর্মসূচী গ্রহণ করে তা নিবিড় তদারকীর মাধ্যমে বাস্তবায়ন করে যাচ্ছে। চাহিদা মোতাবেক বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি সরকার বিদ্যুতের সাশ্রয়ী, দক্ষ, নিরাপদ ও টেকসই ব্যবহারের উপর গুরুত্বারোপ করেছে। গ্রাহক সেবার মানোন্নয়নে এখাতকে আধুনিকীকরণ, ডিজিটাল প্রযুক্তি নির্ভর ও গ্রাহক বান্ধব করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রমের অংশ হিসাবে বিদ্যুতের সিস্টেম লস হ্রাসকরণ, রাজস্ব আয় বৃদ্ধি, ত্রুটিপূর্ণ বিলিং ব্যবস্থা পরিহারের মাধ্যমে গ্রাহক সেবার মানোন্নয়ন, লোড ম্যানেজমেন্ট ব্যবস্থা বাস্তবায়ন ও জনগণের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী মনোভাব সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপী প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে ছয়টি বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর আওতায় প্রায় ১৮ লক্ষ প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন করা হয়েছে এবং বর্তমানে প্রায় ২৫ লক্ষ প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন/ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। ২০২১ সালের মধ্যে ২কোটি গ্রাহকের জন্য প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

১.২। সকল বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক একই স্ট্যান্ডার্ড অনুসরণপূর্বক যৌক্তিক মূল্যে প্রি-পেইড মিটারিং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কারিগরী স্পেসিফিকেশন প্রণয়ন, বাংলাদেশের ট্যারিফ কাঠামোর উপযোগী সফট্ওয়্যার উন্নয়ন, প্রি-পেইড মিটারিং কার্যক্রম বাস্তবায়ন, পরিচালন ও ডাটা সংরক্ষণের জন্য সার্ভার (সংস্থাভিত্তিক Master Information Centre এবং কেন্দ্রীয়ভাবে Central Data Centre) স্থাপন করা হয়েছে। পাওয়ার সেল কর্তৃক বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীসমূহের জন্য প্রি-পেইড মিটার ক্রয়ের লক্ষ্যে কারিগরী স্পেসিফিকেশনসহ একটি স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট, ডেফার্ড পেমেন্ট পদ্ধতিতে প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য আদর্শমানের দরপত্র দলিল এবং Smart Vending System পরিচালনায় 3rd Party নিয়োগের স্ট্যান্ডার্ড RFP প্রণয়ন করা হয়েছে। পরবর্তীতে পাওয়ার সেল কর্তৃক স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয়ের জন্যও একটি স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট প্রণয়নপূর্বক বিদ্যুৎ বিভাগের মাধ্যমে বিতরণী সংস্থা/কোম্পানীসমূহে প্রেরণ করা হয়েছে। প্রি-পেইড মিটারের মূল্য গ্রাহকের নিকট হতে আদায়ের বিষয়েও একটি নীতিমালা প্রণয়নপূর্বক মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তা জারী করা হয়েছে।

১.৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীসমূহ বর্তমানে নিজ নিজ সংস্থা/কোম্পানীর চাহিদা মোতাবেক প্রি-পেইড/স্মার্ট মিটারিং সিস্টেম সংগ্রহের লক্ষ্যে বিভিন্ন প্রকল্পের আওতায় কারিগরী স্পেসিফিকেশন ও স্ট্যান্ডার্ড টেন্ডার ডকুমেন্ট প্রস্তুতপূর্বক উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহপূর্বক স্থাপন করছে। প্রকল্প সমাপ্তির সাথে সাথে উক্ত এলাকায় প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন বন্ধ হয়ে যাবে। কিন্তু গ্রাহক সংযোগ একটি চলমান প্রক্রিয়া। তাই প্রতিটি এলাকায় গ্রাহক সংখ্যা ক্রমাগত

বৃদ্ধির ফলে প্রি-পেইড/স্মার্ট মিটারের চাহিদাও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। প্রি-পেইড/স্মার্ট মিটারের ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং নষ্ট/ত্রুটিপূর্ণ মিটার পরিবর্তনের লক্ষ্যে সরকার গ্রাহকদের খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের সুযোগ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এতে প্রি-পেইড/স্মার্ট মিটারের প্রতি গ্রাহকের দায়বদ্ধতা সৃষ্টি হবে এবং বিপুল অংকের বিনিয়োগ পরিহার করা সম্ভব হবে। গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে গুণগতমানের প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহ, মিটার পরীক্ষা, ভেন্ডিং কাজ বাস্তবায়ন, গ্রাহক আঙ্গিনায় প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন, বিক্রয়োত্তর বিভিন্ন সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এসংক্রান্ত বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

**২। নীতিমালার উদ্দেশ্য:**

- প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি;
- প্রি-পেইড/স্মার্ট মিটারিং কার্যক্রম বাস্তবায়নে বিকল্প বিনিয়োগ ব্যবহার;
- প্রি-পেইড/স্মার্ট মিটারিং কার্যক্রমকে টেকসই করা;
- গ্রাহকদের প্রি-পেইড/স্মার্ট মিটারের মূল্য সম্পর্কে সচেতন করা;
- দ্রুত নতুন গ্রাহক সংযোগ প্রদান এবং স্বল্প সময়ে মিটার পরিবর্তনের টেকসই ব্যবস্থা নিশ্চিত করা;
- গ্রাহক সেবার মানোন্নয়ন এবং জনগণের মধ্যে বিদ্যুৎ সাশ্রয়ী মনোভাব সৃষ্টি।

**৩। নীতিমালা প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ:**

খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহপূর্বক ব্যবহার বিষয়ে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীর নিকট হতে প্রস্তাব সংগ্রহ করা হয় এবং পরবর্তীতে খসড়া নীতিমালা প্রস্তুতপূর্বক উক্ত নীতিমালার উপর লিখিত মতামত গ্রহণ করা হয়। সংস্থার প্রস্তাবনাসমূহসহ নিম্নেবর্ণিত বিষয়াবলী বিবেচনা করে নীতিমালাটি প্রণয়ন করা হয়েছে:

ক) খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহপূর্বক ব্যবহার বিষয়ে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীর নিকট হতে প্রাপ্ত প্রস্তাব ও লিখিত মতামত;

খ) প্রি-পেইড মিটারের কারিগরী স্পেসিফিকেশনসহ standard নির্ধারণ;

গ) বিদ্যমান software এর সাথে খোলা বাজার হতে ক্রয়কৃত প্রি-পেইড মিটারের interfacing করণ;

ঘ) Standard অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ/টেস্টিং ল্যাব হতে মিটারের প্রয়োজনীয় টেস্ট সম্পন্নকরণ;

ঙ) Vending অর্থাৎ প্রি-পেইড মিটার Charging/Recharging করণ;

চ) বিভিন্ন ধরনের প্রি-পেইড/স্মার্ট মিটারের মূল্য সংক্রান্ত তথ্যাদি;

ছ) প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন, পরিচালনা ও অভিযোগ নিস্পত্তিকরণসহ সকল প্রকার বিক্রয়োত্তর সেবা প্রদান;

জ) Infrastructure development-এর ভিত্তিতে খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের জন্য এলাকা নির্ধারণ;

ঝ) পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় এ সুবিধা উন্মুক্তকরণ;

ঞ) যে সকল প্রস্তুতকারক/সরবরাহকারীর মিটার ক্রয়/সংগ্রহ করা যাবে তার তালিকা প্রণয়ন;

ট) খোলা বাজারে মিটার বিক্রয়ের জন্য বিএসটিআইসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রত্যয়ন গ্রহণ;

ঠ) প্রয়োজনীয় জনবল তৈরী/প্রশিক্ষণের ব্যবস্থা;

ড) জনগণকে এ সকল বিষয়ে অবহিত/সচেতন করার লক্ষ্যে প্রচার/প্রচারণা।

**৪.০। প্রি-পেইড/স্মার্ট মিটার সংক্রান্ত কারিগরী বিষয়াদি:**

**৪.১। মিটারের স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন:**

দেশব্যাপী প্রি-পেইড মিটারিং কার্যক্রম বাস্তবায়নের জন্য পাওয়ার সেল ইতিমধ্যে মিটারের স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশনসহ প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য একটি Standard Tender Document (STD) এবং স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য একটি Standard Tender Document (STD) প্রণয়ন করেছে। বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় উক্ত Tender Document দুইটি অনুমোদনপূর্বক বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক অনুসরণের জন্য প্রেরণ করেছে। ছয়টি বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী উক্ত Standard Tender Document এ উল্লেখিত স্ট্যান্ডার্ড, কারিগরী স্পেসিফিকেশন অনুসরণ করে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করছে। পাইলট প্রকল্পের আওতায় কিছু কিছু বিতরণ এলাকায় সংস্থা/কোম্পানী কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন অনুযায়ী প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় করে স্থাপন করা হয়েছে। এ সকল কারণে গ্রাহক কর্তৃক খোলাবাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের ক্ষেত্রে নিম্নেবর্ণিত স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশনের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করা যেতে পারে:

ক) প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত Standard Tender Document (STD) এ বর্ণিত স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন;

খ) স্মার্ট প্রি-পেইড মিটার ক্রয়ের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত Standard Tender Document (STD) এ বর্ণিত স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন;

গ) স্মার্ট প্রি-পেইড মিটারিং সিস্টেম স্থাপনের লক্ষ্যে সংস্থা/কোম্পানীসমূহ কর্তৃক প্রণীত/প্রণীতব্য স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন; এবং

ঘ) যে সকল বিতরণ এলাকায় উপর্যুক্ত স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন ব্যতীত অন্য কোন স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন অনুসরণ করে ইতিমধ্যেই পাইলট প্রকল্পের আওতায় প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপন করা হয়েছে, ঐসকল এলাকার গ্রাহকগণ (ক), (খ) ও (গ)-তে বর্ণিত অথবা উক্ত এলাকায় স্থাপিত প্রি-পেইড/স্মার্ট মিটারের অনুরুপ স্ট্যান্ডার্ড ও কারিগরী স্পেসিফিকেশন অনুযায়ী খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় করতে পারবে।

**৪.২। মিটার টেস্ট ও মিটারের বিভিন্ন Functionality টেষ্ট এবং ইন্টারফেসিংকরণ:**

আবেদনকারী মিটার প্রস্তুতকারী কোম্পানী তাদের প্রস্তাবিত মিটারের IEC Standard অনুযায়ী type test ও routine test নির্ধারিত independent testing laboratory হতে টেস্টিং সম্পন্নকরতঃ সার্টিফিকেট/রিপোর্ট এর কপি এবং স্যাম্পল মিটার প্রত্যেক সংস্থা/কোম্পানীর ফোকাল পয়েন্ট কর্মকর্তার দপ্তরে জমা প্রদান করবে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির মাধ্যমে প্রস্তাবিত মিটারকে Prepaid/Smart Pre-Paid Metering System Software এর সাথে নির্ধারিত API এর ভিত্তিতে অথবা যে এলাকার জন্য খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় করা হবে সে এলাকার Prepaid Metering System Software এর সাথে Interface করার ব্যবস্থা গ্রহণ করবে। মিটারের Interfacing ও Demonstrationসহ মিটারের গুণগত মান যাচাই বাছাই করে প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে উক্ত মিটার খোলা বাজারে বিক্রয়ের বিষয়ে নিজ নিজ সংস্থা/কোম্পানীর উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ পেশ করবে এবং যথাযথ কর্তৃপক্ষ হতে অনুমোদন গ্রহণ করবে। উপরে বর্ণিত কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রত্যেক সংস্থা/কোম্পানী প্রি-পেইড/স্মার্ট মিটারসমূহ Interfacing ও Demonstration, প্রি-পেইড/স্মার্ট মিটারের বিভিন্ন ফাংশনগুলি সঠিকভাবে কাজ করে কি না তা পরীক্ষা-নিরীক্ষা, গুণগত মান যাচাই-বাছাই করার লক্ষ্যে একটি করে টেস্টিং ল্যাবরেটরী স্থাপন করবে।

কোন মিটার প্রস্ততকারক প্রি-পেইড/স্মার্ট মিটার ছয়টি বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীতে অর্থাৎ সারাদেশে খোলাবাজারে বিক্রয় করতে চাইলে প্রতিটি বিতরণী সংস্থা/কোম্পানীর নিকট হতে Interoperability এবং সকল Functionality test সম্পন্ন করত: প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

**৪.৩। গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে যে সকল প্রস্তুতকারকের প্রি-পেইড মিটার ক্রয়/সংগ্রহ করতে পারবে তার তালিকা প্রণয়ন:**

ক) প্রত্যেক বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী ইতিমধ্যে যে সকল প্রস্তুতকারকের প্রি-পেইড/স্মার্ট মিটার Prepaid Metering System এ স্থাপন করেছে এবং যে সকল কোম্পানীর মিটার সংশ্লিষ্ট এলাকার Prepaid/Smart Metering System Software এর সাথে Interfacing এবং মিটারের বিভিন্ন Functionality ও Communication সহ গুণগত মান পরীক্ষায় উর্ত্তীণ হয়েছে তাদের তালিকা প্রণয়ন করবে এবং নতুন প্রস্তুতকারকের মিটার ক্রয়ের পর এ নীতিমালার সকল শর্তপূরণ সাপেক্ষে সেগুলিও তালিকায় অর্ন্তভুক্ত হবে। তালিকা প্রণয়নের ক্ষেত্রে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয় করার জন্য প্রণীত দরপত্র দলিলের আলোকে মিটারের কারিগরী স্পেসিফিকেশনসহ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা মূল্যায়নপূর্বক তা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে।

খ) যে সকল প্রস্তুতকারকের প্রি-পেইড মিটার ক্রয়/সংগ্রহ করে বিভিন্ন এলাকায় স্থাপনপূর্বক সন্তোষজনকভাবে পরিচালনা করা হচ্ছে তাদেরসহ (ক)-তে বর্ণিত তালিকাভুক্ত প্রস্তুতকারকের প্রি-পেইড/স্মার্ট মিটার গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে ক্রয়/সংগ্রহের অনুমতি দেয়া যেতে পারে।

গ) প্রি-পেইড/স্মার্ট প্রি-পেইড মিটারিং কার্যক্রম সম্প্রসারণের সাথে সাথে পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় খোলা বাজারে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়-বিক্রয়ের কার্যক্রম সম্প্রসারিত হবে।

ঘ) পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে খোলা বাজারে প্রি-পেইড/স্মার্ট মিটার বিক্রয়ের জন্য আগ্রহী বিভিন্ন মিটার প্রস্তুতকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে তালিকাভুক্ত হওয়ার জন্য আহবান করা যেতে পারে।

**৪.৪। প্রি-পেইড মিটার ক্রয়, ভেন্ডিং ও স্থাপন:**

গ্রাহক খোলা বাজার হতে তালিকাভুক্ত প্রস্তুতকারকের নির্দিষ্ট স্পেসিফিকেশনের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করে সংশ্লিষ্ট স্থানীয় বিদ্যুৎ অফিসে জমা দিবে। বিদ্যুৎ অফিসের এ কাজের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মিটারের প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা করে গ্রহণযোগ্য হলে মিটারের ডাটা সংরক্ষণ ও ভেন্ডিংপূর্বক তা সংশ্লিষ্ট গ্রাহকের আঙ্গিনায় স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে।

**৪.৫। প্রি-পেইড মিটার ভেন্ডিং (চার্জিং/রিচার্জিং),অভিযোগ নিস্পত্তিসহ সার্বিক বিক্রয়োত্তর সেবা প্রদান:**

গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করে ব্যবহারের ক্ষেত্রে ভেন্ডিং কার্যক্রম (চার্জিং/রিচার্জিং), অভিযোগ নিস্পত্তিসহ বিক্রয়োত্তর সেবা সংক্রান্ত সার্বিক কার্যক্রম নিম্নেবর্ণিতভাবে সম্পন্ন করা যেতে পারে:

ক) সংস্থা/কোম্পানীর নিজস্ব জনবল দ্বারা;

খ) সংশ্লিষ্ট এলাকায় যে কোম্পানী প্রি-পেইড/স্মার্ট মিটার সরবরাহপূর্বক সফলভাবে পরিচালনা করছে তাদের মাধ্যমে। বিদ্যমান চুক্তিতে এ ধরনের কাজের সুযোগ না থাকলে প্রয়োজনে পৃথক চুক্তির মাধ্যমে এ ধরনের কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে:

গ) Third Party নিয়োগ করেও এ,ধরনের কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে;

ঘ) খোলা বাজারে প্রি-পেইড/স্মার্ট মিটার বিক্রয়ের জন্য অনুমোদিত তালিকাভুক্ত মিটার কোম্পানী মিটার বিক্রয় এবং মিটারের বিক্রয়োত্তর অপারেশনাল সাপোর্ট সার্ভিস প্রদানের জন্য উক্ত এলাকায় প্রি-পেইড মিটারের শোরুম এবং কোম্পানীর দক্ষ জনবলসহ বিক্রয়োত্তর সেবা কেন্দ্র/নিজস্ব স্থানীয় অফিস স্থাপন করতে পারে।

**৪.৬। খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড মিটার সংগ্রহের জন্য এলাকা নির্ধারণ এবং পর্যায়ক্রমে দেশের সকল এলাকায় এ সুবিধা উন্মুক্তকরণ:**

ক) বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক যে সকল এলাকায় ইতিমধ্যে প্রি-পেইড/স্মার্ট মিটার স্থাপনপুর্বক মিটারিং কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করা হচ্ছে; মিটার চার্জিং/রিচার্জিং এর জন্য ভেন্ডিং কার্যক্রম চালু আছে এবং অভিযোগ নিষ্পত্তি ও অন্যান্য বিক্রয়োত্তর সেবা প্রদানের সার্বিক ব্যবস্থা বিদ্যমান রয়েছে, বিতরণী সংস্থা/কোম্পানীসমূহ প্রাথমিকভাবে ঐসকল এলাকার গ্রাহকদের জন্য খোলা বাজার থেকে প্রি-পেইড মিটার ক্রয় পদ্ধতি চালু করতে পারে।

খ) বর্তমানে বিভিন্ন কোম্পানী সাফল্যজনকভাবে ইউনিফাইড প্রি-পেইড মিটারিং সিস্টেমের সাথে Interface করে মিটার স্থাপন ও পরিচালনায় সক্ষম হচ্ছে বিধায় প্রি-পেইড/ স্মার্ট প্রি-পেইড মিটারিং সিস্টেমের আওতাধীন এলাকার জন্য নীতিমালা অনুসরণ করে খোলা বাজার হতে প্রি-পেইড মিটার ক্রয় করা যেতে পারে। বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী এলাকার নাম, প্রি-পেইড মিটারের ধরণ ও স্পেসিফিকেশন, মিটার প্রাপ্তিস্থান ও সম্ভাব্য মূল্য, গ্রাহক কর্তৃক করণীয় ইত্যাদি বিষয় উল্লেখ করে পত্রিকা, রেডিও, টেলিভিশন ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রচার করবে।

গ) প্রি-পেইড মিটারিং ব্যবস্থা বিদ্যমান থাকা সত্ত্বেও কোন এলাকায় গ্রাহক কর্তৃক খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করে ব্যবহারের ক্ষেত্রে ভেন্ডিং কার্যক্রম (চার্জিং/রিচার্জিং), অভিযোগ নিষ্পত্তিসহ বিক্রয়োত্তর সেবা প্রদানের সুযোগ বিদ্যমান না থাকলে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী দ্রুত ৪.৫ অনুচ্ছেদে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করে উক্ত এলাকার গ্রাহকদের জন্য খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের সুযোগ উন্মুক্ত করবে।

ঘ) এখন থেকে যে সকল এলাকায় প্রি-পেইড মিটারিং কার্যক্রম বাস্তবায়ন করা হবে সে সকল এলাকার গ্রাহকদের জন্যও ৪.৫ (ঘ)-এর শর্তপূরণসহ খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের সুযোগ উন্মুক্ত করতে হবে। এভাবে পর্যায়ক্রমে দেশের সকল এলাকার গ্রাহকদের জন্য প্রি-পেইড/স্মার্ট মিটারিং কার্যক্রম সম্প্রসারণের সাথে সাথে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের সুযোগও সম্প্রসারিত হবে।

**৪.৭। প্রয়োজনীয় জনবল তৈরী/প্রশিক্ষণের ব্যবস্থা:**

প্রি-পেইড মিটারিং কার্যক্রম পরিচালনা ও সংরক্ষণের জন্য সংস্থা/কোম্পানীসমূহে দক্ষ জনবল প্রয়োজন। কিন্তু সংস্থা/কোম্পানীগুলোতে সফট্ওয়্যার কাস্টমাইজেশন ও পরিচালন, ভেন্ডিং ষ্টেশন পরিচালনা, গ্রাহকপ্রান্তে মিটার স্থাপন/প্রতিস্থাপন, মিটার ইন্টারফেসিং ও টেষ্টিং, মিটারের বিভিন্ন ফাংশনালিটি পরীক্ষা ও ত্রুটি মেরামত ইত্যাদি কাজে অভিজ্ঞ ও দক্ষ জনবল না থাকায় প্রশিক্ষণের মাধ্যমে প্রি-পেইড/স্মার্ট মিটারিং সংক্রান্ত বিষয়ে দক্ষ জনবল গড়ে তোলার লক্ষ্যে নিম্নেবর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করতে হবে:

- প্রি-পেইড/স্মার্ট মিটার কাস্টমাইজেশন ও টেস্টিং সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- প্রি-পেইড/স্মার্ট মিটার ইনস্টলেশন সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- ভেন্ডিং অপারেশন পরিচালনা সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- প্রি-পেইড/স্মার্ট মিটার ও সংশ্লিষ্ট নেটওয়ার্ক রক্ষণাবেক্ষণে বিক্রয় ও বিতরণ বিভাগ সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- প্রি-পেইড/স্মার্ট মিটারিং, সফটওয়্যার অপারেশন এবং ডাটাবেজ এডমিনিস্ট্রেশন সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- নেটওয়ার্ক ও সার্ভার এডমিনিস্ট্রেশন সংশ্লিষ্ট লোকবল প্রস্তুতকরণ;
- সফট্ওয়্যার এর মানোন্নয়ন, ত্রুটি দূরীকরণ, প্রয়োজনীয় পরিবর্তনে সক্ষম লোকবল প্রস্তুতকরণ।

**৪.৮। জনগণকে এ সকল বিষয়ে অবহিত/সচেতন করার লক্ষ্যে প্রচার/প্রচারণা:**

বিভিন্ন বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক সাধারণ বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের বিষয়ে জনগণকে অবহিত করা যেতে পারে। তাছাড়া নির্দিষ্ট কোম্পানী এবং স্পেসিফিকেশনের প্রি-পেইড মিটার ক্রয়ের ব্যাপারে গ্রাহকগণকে টিভি, রেডিওতে বিজ্ঞাপন প্রচার, বিলবোর্ড স্থাপন, স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, লিফলেট বিতরণ, মোবাইল মেসেজ, ফেসবুক ইত্যাদির মাধ্যমে উদ্বুদ্ধ করা যেতে পারে।

**৫.০। বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী এবং প্রি-পেইড/স্মার্ট মিটার প্রস্তুতকারক প্রতিষ্ঠানের করণীয়:**

**৫.১। প্রি-পেইড/স্মার্ট মিটার প্রস্তুতকারক/ সরবরাহকারী প্রতিষ্ঠানের করণীয়:**

- বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীসমূহতে প্রি-পেইড/স্মার্ট মিটার প্রস্তুতকারক প্রতিষ্ঠান হিসেবে তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন পেশ করবে;
- বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীর চাহিদা অনুযায়ী টেস্টিং এর জন্য মিটারের স্যাম্পল দাখিল করবে;
- Unified Prepaid Metering System, প্রি-পেইড বা স্মার্ট প্রি-পেইড মিটারিং সিস্টেমের সাথে মিটারকে Interface করা;
- নির্ধারিত Technical Specification অনুযায়ী মিটার তৈরী এবং মিটারের Warranty প্রদান;
- Standard Tender Document অনুযায়ী testing certificate প্রদান;
- সংস্থা/কোম্পানীর চাহিদা অনুযায়ী মিটারের Supply Record ও End-User Certificate অথবা প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য documents প্রদান;
- মিটার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের যোগ্যতা ও অভিজ্ঞতা প্রমাণের জন্য সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানীর চাহিদা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্র দাখিলকরণ;

- খোলা বাজারে কিভাবে মিটারের প্রাপ্যতা নিশ্চিত করবে সে বিষয়ে পরিকল্পনা দাখিল করবে;
- মিটারের সম্ভাব্য মূল্য সংক্রান্ত (indicative price) তালিকা প্রদান;
- বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য Showroom/Service Centre স্থাপন এবং মিটারের স্পেয়ার পার্টস মজুদ রাখা;
- মিটারের জন্য বাংলা ও ইংরেজিতে ইউজার ম্যানুয়েল গ্রাহককে প্রদান এবং হেল্প লাইন নম্বর রাখা;
- খোলা বাজারে প্রি-পেইড/স্মার্ট মিটার বিক্রয়ের জন্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী কর্তৃক আরোপিত শর্তাদি প্রতিপালন করা;
- ইলেকট্রিক্যাল প্রোডাক্ট হিসেবে প্রি-পেইড/স্মার্ট মিটার বাজারজাতকরণের ক্ষেত্রে বিএসটিআই এর প্রত্যয়নসহ সরকার নির্ধারিত সকল বিধিবিধান প্রতিপালন করা;

**৫.২। বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীসমূহের করণীয়:**

- মিটার টেস্টিং, কাস্টমাইজেশন এবং ইন্টারফেসিং-এর জন্য প্রত্যেক সংস্থা/কোম্পানীতে কেন্দ্রীয়ভাবে ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ একটি দল গঠন করতে হবে;
- সংস্থা/কোম্পানীর প্রশিক্ষণ কার্যক্রমে প্রি-পেইড মিটার সংক্রান্ত প্রশিক্ষণের সংস্থান রাখা এবং প্রশিক্ষণের মাধ্যমে প্রতিটি বিক্রয় ও বিতরণ বিভাগে এ সংক্রান্ত প্রয়োজনীয় জনবল গড়ে তোলা;
- অবকাঠামো উন্নয়নের ভিত্তিতে খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের জন্য এলাকা নির্ধারণ করবে এবং অনুচ্ছেদ ৪.৬ অনুযায়ী পর্যায়ক্রমে এ সুবিধা সকল এলাকায় সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করবে;
- প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ও সফলভাবে Interface-কৃত সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের একটি তালিকা তৈরী করে পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে ও সংস্থার নিজস্ব ওয়েবসাইটে (মিটারের ছবি, মূল্য ও বিস্তারিত Technical Specificationসহ) প্রকাশ করবে;
- সরবরাহকৃত স্যাম্পল মিটার বিদ্যমান সংশ্লিষ্ট সিস্টেম সফটওয়্যারের সহিত ইন্টারফেজযোগ্য কিনা এবং বিতরণী সংস্থা/কোম্পানীর চাহিদা অনুযায়ী সকল ফাংশনগুলো সঠিকভাবে কাজ করে কিনা তা ইন্টারফেসিং কমিটির মাধ্যমে যাছাই-বাচাই করা;
- নতুন মিটারের সকল বৈশিষ্ট্য সিস্টেমে স্থাপিত মিটারের সহিত সামঞ্জস্যপূর্ণ এবং নির্ধারিত স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ হলে প্রস্তুতকারী প্রতিষ্ঠানকে খোলা বাজারে মিটার বিক্রয় করার জন্য অনুমতি প্রদান করা;

- অনুমতিপ্রাপ্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানের মিটার খোলাবাজার হতে ক্রয়ের পর গ্রাহকগণ বিতরণী সংস্থা/কোম্পানীর সংশ্লিষ্ট দপ্তরে জমা প্রদান করবেন। উক্ত দপ্তর মিটারের প্রয়োজনীয় কাস্টমাইজেশন সম্পন্ন করে সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগের মাধ্যমে স্থাপনের ব্যবস্থা গ্রহণ করবে;
- প্রতিটি সংস্থা/কোম্পানী কেন্দ্রীয়ভাবে কিছুসংখ্যক প্রি-পেইড মিটার ক্রয়/ সংগ্রহ করতঃ গ্রাহকগণের নিকট থেকে মিটারের মূল্য এককালীন আদায় সাপেক্ষে গ্রাহককে প্রদান করতে পারে;
- খোলা বাজারে সরবরাহকৃত মিটারের গুণাগুণ সর্বদা সঠিক রাখার স্বার্থে মিটার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রতিটি মিটারের জন্য একটি নির্দিষ্ট মেয়াদে ওয়্যারেন্টি প্রদান;
- মিটার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের বিক্রয়কেন্দ্রে রক্ষিত মিটার হতে সময়ে সময়ে স্যাম্পল ভিত্তিতে সংস্থা কর্তৃক নিজস্ব ল্যাবে এনে পরীক্ষাকরণ ও সরবরাহকারীকে পরীক্ষার রেজাল্ট অবহিতকরণ এবং সরবরাহকৃত মিটারের জন্য একটি নির্দিষ্ট মেয়াদে ওয়্যারেন্টি নিশ্চিতকরণ;
- আর্থিক ও নীতি নির্ধারণী বিষয়ে কোন জটিলতা সৃষ্টি হলে মন্ত্রণালয়ে প্রস্তাব পেশ করবে;
- প্রি-পেইড/স্মার্ট মিটারের ক্ষেত্রে প্রতিযোগিতামূলক বাজার সৃষ্টি এবং গ্রাহক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদি তদারকী করা;
- অনুমতিপ্রাপ্ত প্রস্তুতকারী প্রতিষ্ঠানের তালিকা স্ব স্ব সংস্থা/কোম্পানী কর্তৃক চূড়ান্ত করা;
- দরপত্র প্রাপ্ত তথ্য এবং প্রস্তাবে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাজারদর যাচাই-বাছাইপূর্বক খোলা বাজার হতে মিটার ক্রয়ের সম্ভাব্য মূল্য তালিকা প্রণয়ন;
- পত্রিকায় বিজ্ঞাপনের মাধ্যমে খোলা বাজারে মিটার বিক্রয়ের জন্য আগ্রহী বিভিন্ন মিটার প্রস্তুতকারক/সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে তালিকাভুক্ত হওয়ার জন্য আহবান করা;
- সাধারণ বিজ্ঞপ্তি প্রচারের মাধ্যমে খোলা বাজার হতে প্রি-পেইড/স্মার্ট মিটার সংগ্রহের বিষয়ে জনগণকে অবহিত করাসহ নির্দিষ্ট কোম্পানী এবং স্পেসিফিকেশনের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের ব্যাপারে গ্রাহকগণকে টিভি, রেডিওতে বিজ্ঞাপন প্রচার, বিলবোর্ড স্থাপন, স্থানীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ, লিফলেট বিতরণ, মোবাইল মেসেজ, ফেসবুক ইত্যাদির মাধ্যমে উদ্বুদ্ধ করা।

**৫.৩। বিদ্যুৎ গ্রাহকের করণীয়:**

- খোলা বাজার হতে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীতে তালিকাভুক্ত প্রস্তুতকারকের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করতে হবে;

- খোলা বাজার হতে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট স্পেসিফিকেশনের প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়/সংগ্রহ করতে হবে;
- মিটার ক্রয়ের সময় বিক্রয়কারীর নিকট হতে বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক চাহিত কাগজপত্র সংগ্রহ করতে হবে;
- মিটার এবং প্রয়োজনীয় কাগজপত্র বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানীর সংশ্লিষ্ট দপ্তরে দাখিল করতে হবে;
- সরকার বা বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক কোন ফী ধার্য করা হলে তা পরিশোধ করতে হবে;
- মিটার স্থাপনের জন্য উপযুক্ত স্থান নির্বাচন করতে হবে;
- বিদ্যুৎ লাইন বা সার্ভিস ড্রপ স্থাপনে সহায়তা করতে হবে;
- বিদ্যুৎ ব্যবহার ও বিল প্রদান সংক্রান্ত বিষয়ে সরকার বা বিদ্যুৎ বিতরণী সংস্থা/কোম্পানী কর্তৃক নির্ধারিত সকল বিধি-বিধান মানতে হবে।

৫.৪। কেন্দ্রীয়ভাবে সরকার/বিদ্যুৎ বিভাগের করণীয়:

- প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের জন্য প্রণীত Standard Tender Documentটিতে কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন ও সংস্কার করা হলে তার অনুমোদন;
- প্রি-পেইড/স্মার্ট মিটারের সম্ভাব্য মূল্য এবং এসংক্রান্ত অন্যান্য বিষয়াদি অনুমোদন;
- কেন্দ্রীয়ভাবে খোলা বাজার হতে গ্রাহক কর্তৃক প্রি-পেইড/স্মার্ট মিটার ক্রয়ের বিষয়ে বিজ্ঞাপন প্রচার;
- এসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তদারকীকরণ;
- গ্রাহক স্বার্থ সংরক্ষণ ও সেবার মানোন্নয়ন সংক্রান্ত বিষয় পর্যবেক্ষণ;
- প্রয়োজনে এসংক্রান্ত বিষয়ে বিতরণী সংস্থা/কোম্পানীকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা ইত্যাদি।

৬.০। ব্যাখ্যার অধিকার:

প্রণীত নীতিমালার কোন বিষয়ে অস্পষ্টতা দেখা দিলে সেক্ষেত্রে বিদ্যুৎ বিভাগের ব্যাখ্যাই চূড়ান্ত বলে গণ্য হবে।